

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৬৬৩

১২. কিতাবুস সিয়াম (کتاب الصوم)

পরিচ্ছেদঃ একজন স্ত্রীর জন্য জায়েয রয়েছে ই'তেকাফরত স্বীমাকে ই'তেকাফের স্থানে দেখতে যাওয়া

ذِكْنُ جَوَازِ زِيَارَةِ الْمَرْأَةِ زَوْجَهَا الْمُعْتَكِفَ بِاللَّيْلِ إِلَى الْمَوْضِعِ الَّذِي اعْتَكَفَ فِيهِ

আরবী

3663 _ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا ابْنُ أَبِي السَّرِيِّ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ قَالَ: أَخْبَرَنَا مَعْمَرٌ عَنِ الزُّهْرِيِّ عَنْ علي بن الحسين عن صفية بنت حُييِّ قَالَتْ: كَانَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم مُعْتَكِفًا فَأَتَيْتُهُ أَزُورُهُ لَيْلًا فحدَّثْتُهُ ثُمَّ جِبْتُ لَأَنْقَلِبَ فَقَامَ مَعِي يَقْلِبُني وَكَانَ مَنْزِلُهَا فِي دَارِ أُسَامَةَ بْنِ زَيْدِ وَرَأَنَا رَجُلَانِ مِنَ الْأَنْصَارِ فَلَمَّا رَأَيَا النَّبِيُّ صلى الله عليه وسلم قنَّعا رؤوسهما فَقَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم: فَلَمَّا رَأَيَا النَّبِيُّ صلى الله عليه وسلم قنَّعا رؤوسهما فَقَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم: (عَلَى رِسْلِكُمَا إِنَّهَا صَفِيَّةُ بِنْتُ حُييٍّ) فَقَالَا: سُبْحَانَ اللَّهِ يَا رَسُولَ اللَّهِ قَالَ: (إِنَّ الشَّيْطَانَ يَجْرِي مِنَ الْإِنْسَانِ مَجْرَى الدَّمِ وَإِنِّي خِفْتُ أَنْ يَقْذِفَ فِي قُلُوبُكُمَا شَيْئًا) أَقْ الشَّيْطَانَ يَجْرِي مِنَ الْإِنْسَانِ مَجْرَى الدَّمِ وَإِنِّي خِفْتُ أَنْ يَقْذِفَ فِي قُلُوبُكُمَا شَيْئًا) أَقْ قَالَ: (شرَّا)

الراوي: صفية بنت حُيي المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3663 | خلاصة حكم المحدث: صحيح _ ((صحيح أبي داود)) (2134 و 2134): ق ، وسيأتي (7/ 13 ـ 14).

বাংলা

৩৬৬৩. সাফিয়্যাহ বিনতু হুইয়াই রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ই'তেকাফরত অবস্থায় ছিলেন। অতঃপর আমি তাঁকে রাতে দেখতে যাই। অতঃপর আমি তাঁর সাথে কথা-বার্তা বলি। তারপর আমি ফিরে আসি। তখন তিনি আমাকে এগিয়ে দেওয়ার জন্য উঠেন।" রাবী বলেন যে, তার বাসস্থান উসামাহ বিন যাইদ রাদ্বিয়াল্লাহু আনহুর বাড়িতে ছিলো। ফিরতি পথে আমাদেরকে আনসারী দুইজন ব্যক্তি দেখেন। যখন তারা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে দেখেন, তখন তারা মাথা নিচু করে ফেলেন। অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "তোমরা থামো। নিশ্চয়ই এ হলো সাফিয়্যাহ বিনতু



হুইয়াই। তখন তারা বলেন, "সুবহানাল্লাহ! হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, (আমরা কি আপনাকে সন্দেহ করতে পারি?)। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "নিশ্চয়ই শয়তান মানুষের রক্ত চলাচলের জায়গায় চলাচল করে। আর আমি আশংকা করেছি যে, সে তোমাদের অন্তরে কোন কিছু অথবা (রাবীর সন্দেহ তিনি বলেছেন) মন্দ কিছু ঢেলে দিবে।"[1]

ফুটনোট

[1] মুসান্নাফ আব্দুর রাযযাক: ৮০৬৫; মুসনাদ আহমাদ: ৬/৩৩৭; সহীহুল বুখারী: ৩২৮১; সহীহ মুসলিম: ২১৭৫; আবূ দাউদ: ২৪৭০; সহীহ ইবনু খুযাইমাহ: ২২৩৩; তাহাবী, মুশকিলুল আসার: ১০৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ২১৩৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ সাফিয়্যা বিনতে হুয়াই (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন